

দৈনিক

আমরা মানবতার পক্ষে

যুগের আলো

৮ পৃষ্ঠা মূল্য ৪ টাকা

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব রহিম উদ্দিন ভরসা

উত্তরাঞ্চলের সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

শুক্রবার ৩০ অক্টোবর ২০২০, ১৪ কার্তিক ১৪২৭, ১২ রবিউল আউয়াল ১৪৪২ রেজি: রাজ: ১০৩

দিনাজপুরের কৃতি সন্তান মেসবাহুল ইসলাম কৃষি সচিব হওয়ায় অভিনন্দন

দয়ারাম রায়, দিনাজপুর ৥
দিনাজপুরের কৃতিসন্তান স্বনামধন্য
কৃষি অর্থনীতিবিদ মোঃ মেসবাহুল
ইসলাম গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সরকারের কৃষি সচিব নিয়োগ
পাওয়ায় বাংলাদেশ গম ও ভুট্টা
গবেষণা ইনস্টিটিউটের
মহাপরিচালক কৃষি প্রকৌশলী ড.
এম এছরাইল হোসেন অত্র
ইনস্টিটিউটের পক্ষ হতে সৌজন্য
সাক্ষাত করেন এবং কৃষি সচিব
হিসেবে পদায়িত হওয়ায় প্রাণ ঢালা
অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন
করেন। তিনি সচিব মহোদয়কে
বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা
ইনস্টিটিউটে পরিদর্শনের আমন্ত্রণ
জানান। সচিব মহোদয় অত্র
ইনস্টিটিউট পরিদর্শনে আসার আগ্রহ
প্রকাশ করেন। তিনি গম ও ভুট্টা
গবেষণা ও উন্নয়ন কার্যক্রমে
সহযোগীতা করার আশ্বাস প্রদান
করেন। তিনি গম ও ভুট্টার উন্নত
জাতের বীজ উদ্ভাবন, কৃষি
যন্ত্রপাতির উদ্ভাবন ও আধুনিকীকরণ,
গম ও ভুট্টার আবাদ সম্প্রসারণে অত্র
ইনস্টিটিউটের কৃষি বিজ্ঞানী,
কর্মকর্তা ও কর্মচারীদের ভূয়শী
প্রশংসা করেন। এবং এ সাফল্য ধরে
রাখার আহবান জানান। □